

# যদি আপনি মনে করেন আপনার ক্যান্সার আছে তাহলে সমগ্র জিনোম সিকোয়েন্সিংয়ের জন্য তথ্য




এই তথ্য পুস্তিকাটি সেই সমস্ত রোগীদের  জন্য যাদের ক্যান্সারের জন্য একটি সামগ্রিক জিনোম সিকোয়েন্সিং এর প্রস্তাব করা হয়েছে এবং তাদের তত্ত্বাবধানকারী এবং পরিবারের সদস্যদের জন্য।




সামগ্রিক জিনোম সিকোয়েন্সিং হল যখন আপনার শরীর গঠন এবং সুস্থ রাখার জন্য প্রয়োজনীয় সমস্ত তথ্য একজন বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা সংগৃহীত হয়েছে।


সামগ্রিক জিনোম সিকোয়েন্সিং NHS-এ নির্দিষ্ট ধরনের ক্যান্সারের ক্ষেত্রে উপলভ্য যেখানে এটি রোগীদের আরও ভালো চিকিৎসা দিতে পারবে।



টেস্টটি আপনার রোগ নির্ণয় এবং চিকিৎসা বিষয়ে অতিরিক্ত তথ্য প্রদান করতে পারবে।

আপনার স্বাস্থ্যসেবা সরবরাহকারী আপনার সাথে কথা বলবেন এবং আপনি টেস্টটি করাবেন কিনা তা স্থির করার আগে আপনি প্রশ্ন জিজ্ঞাসা করতে পারবেন।


## আপনার জিনোম কী?




মানব শরীর গঠন করতে এবং সেটি সুস্থ রাখতে প্রয়োজনীয় তথ্যই হল আপনার জিনোম।

এটি একটি কোডে লেখা হয় যাকে বলা হয় **ডিএনএ**। আপনার জিনোম ডিএনএ-র অংশ দিয়ে তৈরি, যাকে বলা হয় **জিন**।

NHS জিনোমিক মেডিসিন সার্ভিস, ক্যান্সারের জন্য সামগ্রিক জিনোম সিকোয়েন্সিং, জুলাই 2020, v2.0 সামগ্রিক জিনোম সিকোয়েন্সিং গো-লাইভ এর জন্য ব্যবহার করতে হবে। এই ডকুমেন্টটির সংস্করণ নিয়ন্ত্রণ সাপেক্ষ এবং নিয়মিতভাবে আপডেট হয়। আপনার স্থানীয় জিনোমিক ল্যাবরেটরি হাবে যোগাযোগ করে অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আপনি সাম্প্রতিক সংস্করণটি ব্যবহার করছেন।





বেশিরভাগ ক্যান্সার, একজন ব্যক্তির জিনোমে অস্বাভাবিক পরিবর্তনগুলির জন্য হয়ে থাকে। এটি জীবনধারা বা তাদের পরিবেশের কারণে হয়ে থাকে।

কখনও কখনও কিছু পরিবর্তন একজন ব্যক্তির জিনগুলির মধ্য দিয়ে পরবর্তী প্রজন্মে বাহিত হয়।

এর অর্থ হতে পারে যে একজন ব্যক্তির ক্যান্সার হওয়ার সম্ভাবনা খুব বেশি।

## একটি সামগ্রিক জিনোম সিকোয়েন্সিং টেস্ট থেকে আপনি কী জানতে পারবেন?




যদিও সামগ্রিক জিনোম সিকোয়েন্সিং টেস্ট আপনার সমগ্র জিনোম দেখে তবুও টেস্টটি ক্যান্সার সম্পর্কিত জিনগুলিতে পরিবর্তনগুলির ওপর দৃষ্টি নিবদ্ধ করে; যে জিনগুলির পরিবর্তন অন্যান্য রোগের কারণ, এটি সেই পরিবর্তনগুলি খোঁজে না।

ক্যান্সারের জন্য একটি সামগ্রিক জিনোম সিকোয়েন্সিং টেস্ট যেগুলি বুঝতে সহায়তা করতে পারে:




- আপনার ক্যান্সার হয়েছে কেন
- আপনার হওয়া ক্যান্সারের ধরন
- আপনার ক্যান্সারের জন্য কোন চিকিৎসাটি সবথেকে ভালো কাজ করবে
- আপনার অন্যান্য ধরনের ক্যান্সার হওয়ার ঝুঁকি আছে কিনা
- ভবিষ্যতে আপনার পরিবারের সদস্যদের ক্যান্সার হওয়ার ঝুঁকি বেশি কিনা



আপনি একটি সামগ্রিক জিনোম সিকোয়েন্সিং টেস্ট করা স্থির করলে, আপনার স্বাস্থ্যসেবা সরবরাহকারী এ বিষয়ে আপনার সাথে আলোচনা করবেন।

NHS জিনোমিক মেডিসিন সার্ভিস, ক্যান্সারের জন্য সামগ্রিক জিনোম সিকোয়েন্সিং, জুলাই 2020, v2.0 সামগ্রিক জিনোম সিকোয়েন্সিং গো-লাইভ এর অন্য ব্যবহার করতে হবে। এই ডকুমেন্টটি সংস্করণ নিয়ন্ত্রণ সাপেক্ষ এবং নিয়মিতভাবে আপডেট হয়। আপনার স্থানীয় জিনোমিক ল্যাবরেটরি হাবে যোগাযোগ করে অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আপনি সাম্প্রতিক সংস্করণটি ব্যবহার করছেন।

# একটি সামগ্রিক জিনোম সিকোয়েন্সিং টেস্টে কী হয়?





1. টিউমারের নমুনা সংগ্রহ করা হয় (সামগ্রিক জিনোম সিকোয়েন্সিং টেস্টটি ব্লাড ক্যান্সারের জন্য হলে রক্ত বা অস্থি মজ্জা/বোন ম্যারোর নমুনা নেওয়া হয়)
2. রক্ত বা ত্বকের নমুনা সংগ্রহ করা হয় (সামগ্রিক জিনোম সিকোয়েন্স টেস্টটি ব্লাড ক্যান্সারের জন্য হলে, রক্ত, লালা বা ত্বকের একটি নমুনা নেওয়া হবে)
3. নমুনাগুলি বিশ্লেষণের জন্য জিন সংক্রান্ত পরীক্ষার ল্যাবরেটরিতে পাঠানো হয়
4. ফলাফলগুলি আপনার স্বাস্থ্যসেবা সরবরাহকারীর কাছে ফেরত পাঠানো হয় ('আপনার ফলাফলগুলি পাওয়া' দেখুন)।



ক্যান্সারের জন্য সামগ্রিক জিনোম সিকোয়েন্স টেস্টিংয়ের মধ্যে টিউমার এবং আপনার রক্ত, লালা বা ত্বকের একটি নমুনা সম্পর্কে তথ্য সংগ্রহ জড়িত।

এটি রোগ নির্ণয়ে সহায়তা বা সবথেকে ভালো চিকিৎসা স্থির করার জন্য তথ্য সংগ্রহ করে।




ব্লাড ক্যান্সারের জন্য আপনাকে একটি সামগ্রিক জিনোম সিকোয়েন্সিং টেস্টের প্রস্তাব দেওয়া হলে, আপনার রক্ত বা অস্থি মজ্জার (বোন ম্যারো) নমুনা টিউমারের নমুনা হবে।



টেস্টটি আপনার চিকিৎসার অংশ হিসেবে আপনার শরীর থেকে বের করে নেওয়া টিউমারের একটি নমুনার ওপর করা হবে।

আপনার রক্ত, লালা বা ত্বকের নমুনা সংগ্রহ করার জন্য আপনার আরও একটি অ্যাপয়েন্টমেন্ট করতে হতে পারে।



**ফলাফলসমূহ**

নমুনাগুলি তখন টেস্টের জন্য ল্যাবে বা পরীক্ষাগারে পাঠানো হয়।

আপনি যদি স্থির করেন যে আপনি একটি সামগ্রিক জিনোম সিকোয়েন্সিং টেস্ট করাবেন **না** তা সত্ত্বেও আপনি যথাসম্ভব ভালো স্বাস্থ্যসেবা পাবেন।

NHS জিনোমিক মেডিসিন সার্ভিস, ক্যান্সারের জন্য সামগ্রিক জিনোম সিকোয়েন্সিং, জুলাই 2020, v2.0 সামগ্রিক জিনোম সিকোয়েন্সিং গো-লাইভ এর অন্য ব্যবহার করতে হবে। এই ডকুমেন্টটি সংস্করণ নিয়ন্ত্রণ সাপেক্ষ এবং নিয়মিতভাবে আপডেট হয়। আপনার স্থানীয় জিনোমিক ল্যাবরেটরি হাবে যোগাযোগ করে অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আপনি সাম্প্রতিক সংস্করণটি ব্যবহার করছেন।

## আপনার ফলাফলগুলি পাওয়া



একটি নমুনা নেওয়া হয়ে গেলে সেটি বিশ্লেষণ করা হবে এবং ফলাফলটি আপনার স্বাস্থ্যসেবা সরবরাহকারীর কাছে ফেরত পাঠানো হবে।

ফলাফলটি আপনার ক্যান্সার এবং চিকিৎসার বিকল্পগুলি সম্পর্কে তথ্য প্রদান করতে পারে।

টিউমারের নমুনার ফলাফলটি রক্ত, লালা বা ত্বকের নমুনার সাথে তুলনা করা হয়।



টেস্টের ফলাফলটি আপনার অন্যান্য ক্যান্সার হওয়ার ঝুঁকি বেশি কিনা এবং এই ঝুঁকিগুলি আপনার পরিবারের সদস্যদের প্রভাবিত করতে পারে কিনা তা দেখাতে পারে।



এই ক্ষেত্রে আপনি একজন বিশেষজ্ঞের সাথে দেখা করতে পারেন যিনি আপনার সাথে আপনার ফলাফলগুলি এবং কীভাবে আপনার ক্যান্সারের ঝুঁকি পরিচালনা করবেন সেই নিয়ে কথা বলবেন।

ফলাফলটি নিয়ে কীভাবে আপনার পরিবারের সদস্যদের সাথে কথা বলবেন এটি সে বিষয়ে চিন্তাভাবনা করতে সহায়তা করবে।

## আপনার জিনগুলি সম্পর্কিত ডেটা




সমস্ত ডেটা সুরক্ষিত এবং গোপনীয় রাখা হয়। আপনার ডেটা ইউকে-র আইন এবং NHS নীতি অনুযায়ী ব্যবহার করা হয়। আরও তথ্য পাওয়া যাবে এখানে:

www.england.nhs.uk/contact-us/privacy-notice/



আপনার টেস্টের ডেটা NHS জিনোমিক মেডিসিন সার্ভিসের জন্য একটি সুরক্ষিত ডেটাবেসে সংরক্ষণ করা থাকবে – NHS এর যে অংশটি সামগ্রিক জিনোম সিকোয়েন্সিং দেখাশোনা করে।

NHS জিনোমিক মেডিসিন সার্ভিস, ক্যান্সারের জন্য সামগ্রিক জিনোম সিকোয়েন্সিং, জুলাই 2020, v2.0 সামগ্রিক জিনোম সিকোয়েন্সিং গো-লাইভ এর অন্য ব্যবহার করতে হবে। এই ডকুমেন্টটি সংস্করণ নিয়ন্ত্রণ সাপেক্ষ এবং নিয়মিতভাবে আপডেট হয়। আপনার স্থানীয় জিনোমিক ল্যাবরেটরি হাবে যোগাযোগ করে অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আপনি সাম্প্রতিক সংস্করণটি ব্যবহার করছেন।



শুধুমাত্র অনুমোদিত কর্মীরা আপনার ডেটা দেখতে পারবেন।

## বীমা জন্য ডেটা ব্যবহার করা




আপনার সম্মতি ছাড়া ডেটা বীমা কোম্পানিগুলির সাথে শেয়ার করা হবে না।

বীমা কোম্পানি আপনাকে নিজের এবং আপনার পরিবারের সম্পর্কে চিকিৎসা সম্পর্কিত তথ্য প্রদান করতে বলতে পারে।



## গবেষণার উদ্দেশ্যে ডেটার ব্যবহার

লক্ষাধিক অন্যান্য NHS রোগীদের দান করা স্বাস্থ্য সংক্রান্ত ডেটা নতুন ঔষধ এবং চিকিৎসা গড়ে তুলতে সহায়তা করেছে।



সমস্ত রোগীর তাদের ডেটা একটি লাইব্রেরিতে দেওয়ার বিকল্প রয়েছে যাতে অনুমোদিত গবেষকগণ সেই ডেটা ব্যবহার করতে পারেন।

আপনি এটি করা বেছে নিলে পরে আপনার ডেটা নতুন চিকিৎসা পদ্ধতি গড়ে তুলতে গবেষকদের সহায়তা করবে।




আপনার ডেটা কীভাবে গবেষণাতে সহায়তা করে সে সম্পর্কে আরও জানতে অনুগ্রহ করে জিনোমিকস ইংল্যান্ড ওয়েবসাইট দেখুন:
www.genomicsengland.co.uk ।



## আরও তথ্য

এই সংস্থাগুলি থেকে জিনোমিক সিকোয়েন্সিং সম্পর্কে আরও তথ্য দেখুন:
http://www.nhs.uk/conditions/genetic-and-genomic-testing

NHS জিনোমিক মেডিসিন সার্ভিস, ক্যান্সারের জন্য সামগ্রিক জিনোম সিকোয়েন্সিং, জুলাই 2020, v2.0 সামগ্রিক জিনোম সিকোয়েন্সিং গো-লাইভ এর অন্য ব্যবহার করতে হবে। এই ডকুমেন্টটি সংস্করণ নিয়ন্ত্রণ সাপেক্ষ এবং নিয়মিতভাবে আপডেট হয়। আপনার স্থানীয় জিনোমিক ল্যাবরেটরি হাবে যোগাযোগ করে অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আপনি সাম্প্রতিক সংস্করণটি ব্যবহার করছেন।